২০২০

# বাংলা - সাম্মানিক

## প্রথম সেমেস্টার

## পত্র : CC-1

## (বাংলা সাহিত্যের ইতিহাস : ১৮০০ খ্রিস্টাব্দ পর্যন্ত)

## পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) চর্যাপদ-এ প্রতিফলিত সমকালীন বাংলার সমাজজীবনের পরিচয় নিজের ভাষায় লেখো। ১০

*অথবা,*

(খ) বাংলা সাহিত্যের ইতিহাসে শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটির গুরুত্ব বিচার করো। ১০

২। (ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদকের কবি-প্রতিভার পরিচয় দিয়ে তাঁর শ্রেষ্ঠত্বের কারণ নির্দেশ করো। ১০

*অথবা,*

(খ) মিথিলার কবি বিদ্যাপতিকে বাংলা সাহিত্যের ইতিহাসে অন্তর্ভুক্তির কারণ দেখিয়ে বাংলা বৈষ্ণব পদসাহিত্যে তাঁর অবদান বিচার করো। ১০

৩। (ক) 'ধর্মমঙ্গল' কাব্যের স্বাতন্ত্র্য সম্বন্ধে আলোচনা করে এই কাব্যের যে-কোনো একজন কবির কাব্যবৈশিষ্ট্যের পরিচয় দাও। ১০

*অথবা,*

(খ) কবি দৌলত কাজীর সাহিত্যকৃতির পরিচয় দাও। ১০

৪। (ক) চর্যাপদের ভাষাকে সান্ধ্যভাষা বলা হয় কেন তা আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) বাংলা সাহিত্যের ইতিহাসে তুর্কি আক্রমণের গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো। ৫

৫। (ক) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যের অভিনবত্ব বিশ্লেষণ করো। ৫

*অথবা,*

(খ) 'চৈতন্যভাগবত' গ্রন্থের ঐতিহাসিক গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো। ৫

৬। (ক) মঙ্গলকাব্যের উদ্ভবের কারণগুলি লেখো। ৫

*অথবা,*

(খ) সাধক কবি কমলাকান্তের কাব্যকৃতির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

৭। ***যে-কোনো একটি*** বিষয়ে টীকা লেখো। ৫

(ক) বাংলা ভাষার উদ্ভব

(খ) জ্ঞানদাস

(গ) ইউসুফ জোলেখা।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) চর্যাগীতিগুলি হরপ্রসাদ শাস্ত্রী কোথা থেকে আবিষ্কার করেছিলেন?

(খ) 'চর্যা' শব্দের অর্থ কী?

(গ) বড়ু চণ্ডীদাসের 'বড়ু' কথাটির অর্থ কী?

(ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কে আবিষ্কার করেন?

(ঙ) কোন শতাব্দীতে 'শ্রীরাম পাঁচালী' কাব্য রচিত হয়েছিল?

(চ) মধুসূদন দত্ত কৃত্তিবাসকে কী নামে অভিহিত করেছিলেন?

(ছ) সুকুমার সেনের রচিত বাংলা সাহিত্যের ইতিহাস গ্রন্থটির নাম লেখো।

(জ) 'অভিনব জয়দেব' কাকে বলা হয়?

(ঝ) পদকর্তা গোবিন্দদাসকে কার ভাবশিষ্য বলা হয়ে থাকে?

(ঞ) শ্রীচৈতন্যচরিতামৃত কাব্যের প্রকাশকাল লেখো।

(ট) 'মনসামঙ্গল' কাব্যের চৈতন্য-পূর্ববর্তী একজন প্রধান কবির নাম লেখো।

(ঠ) 'রাঢ়ের জাতীয় কাব্য' বলে কোন ধারার মঙ্গলকাব্যকে অভিহিত করা হয়?

(ড) চণ্ডীমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবির নাম কী?

(ঢ) কোন মূল গ্রন্থ অনুসরণে 'পদ্মাবতী' কাব্য রচিত হয়েছিল?

(ণ) ভারতচন্দ্রের মৃত্যু কত খ্রিস্টাব্দে হয়েছিল?

---

# ২০২০

## বাংলা - সাম্মানিক

### প্রথম সেমেস্টার

### পত্র : CC-2

### (বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা)

### পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) 'বাগ্‌ধ্বনি' কী? বিভাজ্য ধ্বনির দুটি প্রধান শ্রেণির নাম উল্লেখ করো। ব্যঞ্জনধ্বনির উচ্চারণস্থানগুলির নাম লেখো। ২+২+৬

*অথবা,*

(খ) বাংলা ভাষার শব্দভাণ্ডারকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়? একটি রেখাচিত্র দ্বারা বোঝাও। যে-কোনো একটি বিভাগ সম্পর্কে আলোচনা করো। ৫+৫

২। (ক) উপভাষা বলতে কী বোঝো? বরেন্দ্রী উপভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো। ৩+৭

*অথবা,*

(খ) শব্দের ধ্বনি পরিবর্তন বলতে কী বোঝো? শ্রেণিবিভাগসহ 'সমীভবন'-এর পরিচয় দাও। ৩+৭

৩। (ক) ক্রিয়ার কাল বলতে কী বোঝো? মৌলিক কাল কাকে বলে? মৌলিক কালের বিভাজনগুলি উদাহরণসহ উল্লেখ করো। ৩+৩+৪

*অথবা,*

(খ) বিভক্তি কী? বিভক্তি কয় প্রকার ও কী কী? বাংলা কারকগুলির প্রচলিত বিভক্তিচিহ্নগুলি উদাহরণসহ লেখো। ২+২+৬

৪। (ক) 'অক্ষর' কাকে বলে? অক্ষর গঠনের মূল নিয়ম কী? ৩+২

*অথবা,*

(খ) একটি রেখাচিত্রের সাহায্যে বাংলা স্বরধ্বনির উচ্চারণস্থান নির্দেশ করো। ৫

৫। (ক) 'অন্ত্যস্বরাগম' কাকে বলে? উদাহরণসহ লেখো। ৫

*অথবা,*

(খ) শব্দের অর্থ পরিবর্তনের মূল ধারাগুলি উল্লেখ করো। যে-কোনো একটি ধারার সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+৩

Please Turn Over

৬। (ক) বচন কী? বাংলায় ক্রিয়ার রূপ নিয়ন্ত্রণে বচনের ভূমিকা আলোচনা করো। ২+৩

*অথবা,*

(খ) বাংলা ব্যাকরণে পুরুষ কয় প্রকার? আলোচনা করো। ৫

৭। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) ধ্বনি ও বর্ণের পারস্পরিক সম্পর্ক সংক্ষেপে আলোচনা করো।

(খ) শব্দগুলির বিবর্তন কীভাবে হয়েছে দেখাও — গোঁসাই, তিন।

*অথবা,*

(গ) বাংলা ক্রিয়াবাচক বিশেষ্য কীভাবে গঠিত হয়?

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) বাংলা ভাষার যে-কোনো দুটি যুগ্মস্বরের উদাহরণ দাও যাদের বর্ণরূপ আছে।

(খ) দুটি তরল ধ্বনির উদাহরণ দাও।

(গ) 'আস্তাবল'-এর উৎস-শব্দটি কী?

(ঘ) উচ্চারণগতভাবে বাংলার কেন্দ্রীয় স্বরধ্বনিটি কী?

(ঙ) কলকাতা জেলায় কোন উপভাষা প্রচলিত?

(চ) কৃতঋণ শব্দের দুটি ধারা কী কী?

(ছ) 'মৃগ' শব্দটির মূল ও বর্তমান অর্থ লেখো।

(জ) "*স্মৃতিগুলো* কিছুতেই পিছু হাঁটে না"— কোন বচন?

(ঝ) "*আমি বলতেই থাকি*, কিন্তু সে শোনে না।"— ক্রিয়ার কাল নির্দেশ করো।

(ঞ) "আমাগো খাইতে দিবা না?"— কোন উপভাষা?

(ট) 'অমিয়'— কোন ধরনের শব্দ?

(ঠ) একটি মিশ্র শব্দের উদাহরণ দাও।

(ড) ধ্বনি পরিবর্তনের যে-কোনো একটি কারণ উল্লেখ করো।

(ঢ) "ভালো *কইর‍্যা* বাজান গো দোতরা সুন্দরী কমলা নাচে।"— কীসের উদাহরণ?

(ণ) যে-কোনো একটি বাংলা সম্মুখ স্বরধ্বনির উল্লেখ করো।

# ২০১৮

## বাংলা – সাম্মানিক

### প্রথম সেমেস্টার

### পেপার : CC-1

### পূর্ণমান : ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) বাংলা ভাষার আদিতম সাহিত্যিক নিদর্শন চর্যাপদে সমকালীন বঙ্গদেশের সমাজজীবনের যে-ছবি প্রকাশিত হয়েছে, সংক্ষেপে তার পরিচয় দাও। ১০

*অথবা*

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কোনোভাবেই চৈতন্যোত্তর যুগের রচনা নয়, তা কাব্যটির কাহিনি ও ভাব বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ১০

২। (ক) মহাভারতের বাংলা অনুবাদক হিসেবে কাশীরাম দাসের কৃতিত্ব বিচার করো। ১০

*অথবা*

(খ) চৈতন্য-চরিত কাব্য হিসেবে 'শ্রীশ্রীচৈতন্যভাগবত'-এর ঐতিহাসিক গুরুত্ব নির্ধারণ করো। ১০

৩। (ক) মনসামঙ্গল কাব্যের চৈতন্য-পূর্ববর্তীকালের যে-কোনো দুজন কবির কাব্যকৃতির সংক্ষিপ্ত মূল্যায়ন করো। ৫+৫

*অথবা*

(খ) শাক্ত পদাবলীর কবি রামপ্রসাদ সেনের জীবন ও কাব্যকৃতির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

৪। (ক) বাংলা সাহিত্যের যুগবিভাজনের প্রধান প্রধান প্রবণতাগুলি উল্লেখ করো। ৫

*অথবা*

(খ) চর্যাপদের সাহিত্যমূল্য কতখানি— সংক্ষেপে বুঝিয়ে দাও। ৫

৫। (ক) মিথিলার কবি বিদ্যাপতিকে বাংলা সাহিত্যের ইতিহাসে অন্তর্ভুক্ত করার কারণ কী? ৫

*অথবা*

(খ) কৃত্তিবাসের আবির্ভাবকাল নিয়ে বিশেষজ্ঞদের মতামতের সারমর্ম লেখো। ৫

৬। (ক) মঙ্গলকাব্যের উদ্ভবের পিছনে সম্ভাব্য কারণগুলি চিহ্নিত করো। ৫

*অথবা*

(খ) শাহ মুহম্মদ সগীরকে বাংলা প্রণয়োপাখ্যানের প্রথম কবি বলার যৌক্তিকতা সংক্ষেপে আলোচনা করো। ৫

৭। *যে-কোনো একটি* বিষয়ে টীকা লেখো। ৫×১

(ক) চণ্ডীদাস-সমস্যা, (খ) শ্রীকৃষ্ণবিজয়, (গ) সতীময়না বা লোরচন্দ্রাণী

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) বাংলা সাহিত্যের ইতিহাস চর্চা নিয়ে প্রথম পূর্ণাঙ্গ গ্রন্থের লেখক ও গ্রন্থনাম লেখো। ১/২+১/২

(খ) হরপ্রসাদ আবিষ্কৃত চর্যাপদের পুথিটি কত খ্রিস্টাব্দে কোথা থেকে প্রকাশিত হয়েছিল? ১/২+১/২

(গ) চর্যাপদের তিব্বতী অনুবাদের উদ্ধার ও বঙ্গানুবাদ কে করেন? ১

(ঘ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের পুথি কে, কত খ্রিস্টাব্দে আবিষ্কার করেছিলেন? ১/২+১/২

(ঙ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটির শেষ খণ্ডটির নাম কী? ১

(চ) কৃত্তিবাস অনূদিত রামায়ণ গ্রন্থটির নাম কী? ১

(ছ) কোন্ বৈষ্ণব কবিকে 'অভিনব বিদ্যাপতি' বলা হয়? ১

(জ) 'শ্রীচৈতন্যচরিতামৃত' কাব্যটির তিনটি খণ্ডের নামোল্লেখ করো। ১

(ঝ) 'শ্রীশ্রীচৈতন্যভাগবত'-এর কবি প্রদত্ত নাম কী ছিল? ১

(ঞ) বিজয় গুপ্ত রচিত 'মনসামঙ্গল' কাব্যটির নাম লেখো। ১

(ট) কোন্ কাব্যকে রাঢ়ের জাতীয় কাব্য বলা হয়? ১

(ঠ) চণ্ডীমঙ্গল কাব্যের কয়টি খণ্ড? শেষ খণ্ডটি কী নামে পরিচিত? ১/২+১/২

(ড) রায়গুণাকর ভারতচন্দ্রের মৃত্যু সাল উল্লেখ করো। ১/২+১/২

(ঢ) আলাওলের 'পদ্মাবতী পাঞ্চালী' তথা 'পদ্মাবতী' কাব্যটি কার কোন্ কাব্যের অনুকরণে লেখা? ১/২+১/২

(ণ) কমলাকান্ত ভট্টাচার্য কোন্ রাজসভার সঙ্গে যুক্ত ছিলেন? ১

২০১৮

# বাংলা – সাম্মানিক

## প্রথম সেমেস্টার

## পেপার : CC-2

## পূর্ণমান : ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) উচ্চারণস্থান অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনিগুলির পরিচয় দাও। ১০

*অথবা*

(খ) বাংলা ভাষার শব্দভাণ্ডারে কী ধরনের শব্দ বহু ব্যবহৃত হয়েছে?— উদাহরণসহ আলোচনা করো। ১০

২। (ক) উপভাষা কাকে বলে? বাংলা ভাষার যে-কোনো একটি উপভাষার রূপতাত্ত্বিক আলোচনা করো। ২+৮

*অথবা*

(খ) শব্দার্থ পরিবর্তনের মূল ধারা কয়টি? নামোল্লেখ করে তাদের পরিচয় দাও। ১+৯

৩। (ক) লিঙ্গ কথাটির অর্থ কী? বাংলা ভাষায় ব্যবহৃত লিঙ্গগুলি সম্পর্কে আলোচনা করো। ১+৯

*অথবা*

(খ) কারকের সংজ্ঞা দাও। আধুনিক বাংলা ভাষায় কারক কয়টি ও কী কী?—উদাহরণসহ যে-কোনো দুটি কারকের আলোচনা করো। ২+২+৬

৪। (ক) সংজ্ঞা ও উদাহরণসহ ধ্বনি ও বর্ণের পারস্পরিক সম্পর্ক নির্ণয় করো। ৫

*অথবা*

(খ) মৌলিক স্বরধ্বনি কাকে বলে? মৌলিক স্বরধ্বনি কয়টি ও কী কী? ২+১+২

৫। (ক) উদাহরণযোগে 'স্বরসঙ্গতি' ও 'নাসিক্যীভবন'-এর পরিচয় দাও। ৫

*অথবা*

(খ) সংজ্ঞাসহ 'স্বরাগম'-এর পূর্ণাঙ্গ পরিচয় দাও। ৫

৬। (ক) উপযুক্ত উদাহরণসহ কর্মতৎপুরুষ ও অপাদান তৎপুরুষ সমাসের পরিচয় দাও। ৫

*অথবা*

(খ) উদাহরণসহ বাংলা ক্রিয়ার যৌগিক কালের পাঁচটি রূপের উল্লেখ করো। ৫

৭। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও।

(ক) স্বনিমের সংজ্ঞা দাও। মধুসূদন, রবীন্দ্রনাথ এবং বিবেকানন্দ—এই তিনটি শব্দের স্বনিম নির্ণয় করো। ২+৩

(খ) নিম্নলিখিত শব্দ-দুটির বিবর্তন কীভাবে হয়েছে দেখাও— আঠারো, দেশলাই। $২^{১}/_{২}+২^{১}/_{২}$

(গ) উপযুক্ত উদাহরণসহ পদান্বয়ী ও ধ্বন্যাত্মক অব্যয়ের সংজ্ঞা নিরূপণ করো। $২^{১}/_{২}+২^{১}/_{২}$

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) বাংলা উচ্চারণে রাম্ শব্দে কটি অক্ষর আছে?

(খ) বাংলা ভাষায় দ্বি-স্বর ধ্বনি কোন দুটি?

(গ) তাড়িত ব্যঞ্জনের উদাহরণ দাও।

(ঘ) একটি করে তদ্ভব ও অর্ধ-তৎসম শব্দের উদাহরণ দাও।

(ঙ) 'কুপন' (ইংরেজি coupon) শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

(চ) 'গামছা' শব্দটিতে কী জাতীয় ধ্বনি পরিবর্তন ঘটেছে?

(ছ) 'করিয়া' শব্দের 'অপিনিহিতি' ও 'অভিশ্রুতি'-র রূপ দেখাও।

(জ) জলপানি শব্দের মূল অর্থ এবং এখনকার অর্থ লেখো।

(ঝ) বাংলা উপভাষাগুলির নাম লেখো।

(ঞ) সমাস নির্ণয় করো— সিংহাসন।

(ট) মধুসূদন মেঘনাদবধ কাব্য **রচনা করিয়াছেন**।— কাল নির্ণয় করো।

(ঠ) **মোর** ভাবনারে কী হাওয়ায় মাতালো।— মোটা অক্ষরের পদটির পুরুষ নির্ণয় করো।

(ড) '**তিনটে** শালিক ঝগড়া করে রান্নাঘরের চালে।'— 'তিনটে' শব্দটির বচন নির্ণয় করো।

(ঢ) এত মোটা **কলমে** লেখা যায় না।— মোটা অক্ষরের পদটির কারক নির্ণয় করো।

(ণ) **আপনাকে** অশেষ ধন্যবাদ।— 'আপনাকে' পদটিতে কী বিভক্তি ব্যবহার করা হয়েছে?

---